

বি ই কলেজ: মুখ্যমন্ত্রীর চিঠি প্রধানমন্ত্রীকে

বি এন এ, হাওড়া: শিবপুরের বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটিকে জাতীয় গুরুত্বপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে চিহ্নিত করার অনুরোধ জানিয়ে মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য চিঠি দিয়েছেন প্রধানমন্ত্রীকে। বৃহস্পতিবার মহাকরণে রাজ্যের উচ্চশিক্ষা মন্ত্রী সুদর্শন রায়চৌধুরির সঙ্গে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা দেখা করতে যান। সেই চিঠির প্রতিলিপি শিক্ষকদের দেখিয়েছেন মন্ত্রী। সুদর্শনবাবু আরও জানান, শিবপুর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং ছাত্রছাত্রীদের একযোগে অনশনের খবরে উদ্বিগ্ন মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীকে বিষয়টি খতিয়ে দেখতে অনুরোধ জানিয়েছেন। এই ইস্যুকে কেন্দ্র করে শিক্ষকদের সংগঠন 'বেসুটা'র প্রতিনিধিরা কয়েকদিন ধরেই অনশন করছেন। এর আগে তাঁরা গণছুটিও নেন। এদিন বেসুটার পক্ষে অপূর্ব দত্ত জানান, বিষয়টি মুখ্যমন্ত্রী নিজে দেখছেন বলে আমরা খুশি। আশার আলোও দেখতে পাচ্ছি। সুদর্শনবাবু আমাদের অনশন তুলে নিতে অনুরোধ জানিয়েছেন। কিন্তু আমরা বিনীত ভাবে তা প্রত্যাখ্যান করেছি।

